নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৪১ ১৮ আগস্ট ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে বিএআরআই উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির ভূমিকা শীর্ষক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'বাংলাদেশের কৃষি যান্ত্রিকীকরণে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতির ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১৮ আগস্ট ২০২৫) নোবিপ্রবি কৃষি বিভাগের আয়োজনে বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ওই সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

'কৃষি যন্ত্রপাতি ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে ফসল উৎপাদন ব্যবস্থাকে অধিকতর লাভজনক করা (এফএমডিপি)' প্রকল্প, বিএআরআই এর সহযোগিতায় আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা যারা বিদেশে পড়াশোনা করেছি তারা দেখেছি, বিদেশের কৃষকরা তুলনামূলক ধনী পক্ষান্তরে বাংলাদেশের কৃষকরা দরিদ্র। এর অন্যতম কারণ হলো কৃষি প্রযুক্তির ব্যবহার। বিদেশে কৃষি প্রযুক্তির যথাযথ ব্যবহারের ফলে অধিক পরিমাণ উৎপাদনের মাধ্যমে তারা অধিক লাভবান হয়। অন্যদিকে আমাদের দেশের কৃষকরা পর্যাপ্ত কৃষি যন্ত্রপাতি তো পাচ্ছেই না, এমনকি তারা তাদের কষ্টার্জিত ফসলের সঠিক মূল্য পায় না। আমরা যদি কিছু কিছু কৃষি যন্ত্রপাতি ম্যাকানিজম করে প্রান্তিক পর্যায়ে কৃষকদের নিকট পৌঁছে দিতে পারি তাহলে আমি বিশ্বাস করি কৃষি ক্ষেত্রে একটি বৈপ্লবিক পরিবতন আসবে। সেক্ষেত্রে ম্যাকানিজম করা কৃষি যন্ত্রপাতিগুলো চালানোর ক্ষেত্রে পেট্রোল বা ডিজেলের পরিবর্তে সোলার প্যানেল কে কাজে লাগাতে পারি। তাহলে তা বিদ্যুৎ সাশ্রয়ী এবং পরিবেশ বান্ধব হবে। প্রান্তিক কৃষক পর্যায়ে প্রযুক্তি জ্ঞান পৌঁছে দেওয়ার ক্ষেত্রে আমাদের শিক্ষার্থীরা অগ্রণী ভূমিকা পালন করতে পারে।

নোবিপ্রবি কৃষি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. গাজী মো. মহসিনের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য দেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। অন্যদের মাঝে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, নোয়াখালীর পিএসও ড. মো. শহিদুল ইসলাম। কৃষি বিভাগের সহযোগী অধ্যাপক ড. কাওসার হোসেনের সঞ্চালনায় সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি এন্ড পোস্ট হারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রজেক্ট ডিরেক্টর (এফএমডিপি) ড. মো. নুরুল আমিন। সেমিনারে নোবিপ্রবির কৃষি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশ নেয়।

সেমিনারে কি-নোট স্পিকার ড. মো. নুরুল আমিন বিএআরআই উদ্ভাবিত বিভিন্ন কৃষি যন্ত্রপাতির গঠন ও কার্যাবলির বিবরণ সম্বলিত একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। এতে তিনি নোবিপ্রবি শিক্ষার্থীদের বিএআরআই উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি সমূহের ব্যবহার সম্পর্কে বিস্তারিত ধারণা দেন। এ সময় তিনি বলেন, বিএআরআই এর এফএমডিপি প্রজেক্ট সারা দেশে মোট ১৫ টি বিশ্ববিদ্যালয়ে ট্যালেন্ট হান্ট কার্যক্রম পরিচালনা করছে। তারই অংশ হিসেবে নোবিপ্রবিতে এই সেমিনার এবং পোস্টার প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। এই ট্যালেন্ট হান্ট প্রতিযোগিতায় দেশব্যাপী ১৫ টি বিশ্ববিদ্যালয়ের প্রত্যেকটি থেকে ৩টি করে মোট ৪৫টি পোস্টার প্রদর্শিত হবে। সে অনুযায়ী আজ নোবিপ্রবিতে অনুষ্ঠিত পোস্টার প্রদর্শনীর ৩ জন বিজয়ীর নাম ঘোষিত হবে যারা বিএআরআই তে অনুষ্ঠিতব্য মূল প্রদর্শনীতে অংশগ্রহণের সুযোগ পাবে।'

প্রসঙ্গত, সেমিনার শুরুর পূর্বে নোবিপ্রবি কৃষি বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে পোস্টার প্রদর্শনী অনুষ্ঠিত হয় এবং এতে ১৯টি পোস্টার প্রদর্শিত হয়। পরে সেমিনারে পোস্টার প্রদর্শনীর তিনজন বিজয়ীর নাম ঘোষিত হয়। বিজয়ীরা হলেন কৃষি বিভাগের শিক্ষার্থী ফয়সাল, রকি ও মোহাইমিনুল এবং তাদের দল। শেষে ওই তিনজন বিজয়ীর মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং তারা বিএআরআই কর্তৃক অনুষ্ঠিতব্য জাতীয় পর্যায়ের পোস্টার প্রদর্শনীতে অংশগ্রহণ করার জন্য মনোনীত হয়। অন্যদিকে, এ দিন বিএআরআই কর্তৃক নোবিপ্রবিতে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪